



(একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প প্রতিস্থাপন)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং ৭জি/১৯২(ক-৩)/০৬(অংশ-১)/৭০

তারিখ : ২০/০১/২০২১ খ্রি:


বিষয় : পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন আবদুর রশিদ খান ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মো: আবদুল মালেক এর এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত প্রদান।

সূত্র : স্মারক নং মাউশি/বরি/২০২০/২২৫ তারিখ : ২২/১০/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন আবদুর রশিদ খান ডিগ্রি কলেজটি জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অধিভুক্ত কিন্তু উচ্চমাধ্যমিক পর্যন্ত এম.পি.ও ভুক্ত। উচ্চমাধ্যমিক কলেজের বিধি মোতাবেক নিয়োগকৃত অধ্যক্ষ জনাব মো: আবদুল মালেক কে এম.পি.ও ভুক্তির নির্দেশনা কামনা করে সূত্রোক্ত স্মারক মোতাবেক পত্র প্রেরণ করা হয়। মন্ত্রণালয়ের ০৪/১১/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭০.১২.০০১.২০.১৫২ সংখ্যক পত্রের মতামতে জানান যে, উচ্চমাধ্যমিক পর্যায়ে এমপিওভুক্ত কিন্তু ডিগ্রি পর্যায়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অধিভুক্ত কলেজটিতে স্নাতক(পাস) পর্যায়ে অভিজ্ঞতার শর্ত পূরণ না হওয়া পর্যন্ত বিধি মোতাবেক নির্ধারিত বেতন স্কেলে বেতন প্রাপ্য হবেন।

এমতাবস্থায়, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন আবদুর রশিদ খান ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব মো: আবদুল মালেক এর নিয়োগ উচ্চমাধ্যমিক স্তরের বিধি মোতাবেক যথাযথ থাকলে নির্ধারিত বেতনস্কেলে এম.পি.ও ভুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
বরিশাল অঞ্চল, বরিশাল।

  
(মো. এনামুল হক হাওলাদার)  
উপপরিচালক(কলেজ-২)  
ফোন-৯৫৫৭৬৯১